



মৌলভীবাজারের সীমান্তে বিএসএফের গুলিতে বাংলাদেশি নিহত



ছবি: সংগৃহীত

মৌলভীবাজারের কুলাউড়া সীমান্তের ওপারে বিএসএফের গুলিতে তারা মিয়া (২০) নামে এক বাংলাদেশি যুবক নিহত হয়েছেন। বিজিবির দাবি, নিষিদ্ধ ভারতীয় বিড়ি আনতে একটি চোরাকারবারি দলের সঙ্গে ভারতে ঢোকার পর গুলিবিদ্ধ হয়ে তার মৃত্যু হয়।

রোববার (৯ আগস্ট) ভোরে আলীনগর সীমান্তের ভারতীয় অংশের মাগুরুলি এলাকায় এ ঘটনা ঘটে। নিহত তারা মিয়া কুলাউড়া উপজেলার মুরইছড়া বস্তি এলাকার বাসিন্দা আব্দুল মালেকের ছেলে।

বিজিবি সূত্রে জানা গেছে, ভোরের দিকে ৪ থেকে ৫ জনের একটি দল আলীনগর সীমান্ত দিয়ে ভারতের ভেতরে প্রবেশ করে। তাদের উদ্দেশ্য ছিল আমদানি নিষিদ্ধ ভারতীয় ‘নাসিরুদ্দিন’ পাতার বিড়ি বাংলাদেশে নিয়ে আসা। মাগুরুলি এলাকায় বিএসএফের সদস্যরা তাদের লক্ষ্য করে গুলি চালালে তারা মিয়া ঘটনাস্থলেই মারা যান।

গুলির ঘটনার পর দলের অন্য সদস্যরা সেখান থেকে সরে গিয়ে বাংলাদেশে ফিরে আসেন বলে জানিয়েছে বিজিবি।

শ্রীমঙ্গল ব্যাটালিয়নের (৪৬ বিজিবি) অধিনায়ক লেফটেন্যান্ট কর্নেল সরকার আসিফ মাহমুদ ঘটনার সত্যতা নিশ্চিত করেছেন। তিনি বলেন, অবৈধভাবে ভারতে প্রবেশ করে বিড়ি আনার সময় বিএসএফের গুলিতে ওই যুবক নিহত হয়েছেন। নিহত তারা মিয়ার বিরুদ্ধে থানায় চোরাচালানসংক্রান্ত মামলা রয়েছে বলেও জানান তিনি।